MAR. 09 2002

MAR. 09 2002

তারিখ ........
পৃষ্ঠা ...৬... কলাম ...৭...

দৈনিক ইনকিলাব

# মাদ্রাসা শিক্ষাকেও শিক্ষার জন্য খাদ্য ও উপবৃত্তির আওতাভুক্ত করা হচ্ছে

**সুলতান মাহমুদ** ।। মাদ্রাসা শিক্ষাকেও শিক্ষার জন্য খাদ্য ও প্রাথমিক শিক্ষা উপবৃত্তির আওতায় আনা হচ্ছে। দেশের সকল মাদ্রাসাকে এই কর্মসূচীর আওতায় আনা হবে। চারদলীয় জোট সরকারের জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভার আলোচনায় বলা হয়, প্রাথমিক পর্যায়ে সকলের জন্য শিক্ষার সুযোগ করে দিতে না পারলে দেশ পিছিয়ে পড়বে। প্রাথমিক পর্যায়ে সকল ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা অবারিত করতে পারলে তা হবে একটি যুগান্তকারী ঘটনা। মানব সম্পদ উন্নয়নে বর্তমান সরকারের অঙ্গীকার এবং মানব সম্পদ উন্নয়নের প্রধান নিয়ামক সকল পর্যায়ের প্রাথমিক শিক্ষাকে সত্যিকার অর্থে সার্বজনীন করার লক্ষ্যে সফল করতে অতিরিক্ত মোটা অংকের ব্যয় হবে সত্ত্বেও এর বিকল্প নেই। অর্থাৎ সরকারের সিদ্ধান্ত অনুযায়ী দেশের সকল এবতেদায়ী মাদ্রাসার ছাত্রছাত্রীরা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মত শিক্ষার জন্য খাদ্য ও উপবৃত্তি সুবিধা পাবে।

উল্লেখ্য, বিগত বিএনপি সরকারের সময় ১৯৯১-৯২ সাল থেকে প্রথম শিক্ষা ও দারিদ্র বিমোচনমূলক কর্মসূচী চালু করা হয়। এবার চারদলীয় জোট সরকার দায়িত্ব গ্রহণের পর প্রথম একনেকের বৈঠকে

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

**মাদ্রাসা শিক্ষা** ৮-এর পৃষ্ঠার পর

মাদ্রাসা শিক্ষাকেও এর আওতাভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। একই সাথে মাদ্রাসা ছাত্ররা প্রাথমিক শিক্ষা উপবৃত্তির সুবিধাভোগী হবে। ওই বৈঠকের সিদ্ধান্তে আরও বলা হয় আগামী জুলাই মাস (২০০২) থেকে সমগ্র বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়সমূহকে প্রাথমিক শিক্ষা উপবৃত্তি প্রকল্পের আওতায় আনা হবে। ফলে, বাংলাদেশের প্রাথমিক বিদ্যালয়সমূহের ৫৫ লাখ ছাত্র-ছাত্রীর জন্য প্রাথমিক শিক্ষা কার্যকর হবে। ওই সভার সিদ্ধান্তে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য এই কর্মসূচী চালু হলে মাথাপিছু মাসিক বৃত্তির হার হবে একশ' টাকা। মাদ্রাসা ছাত্রদের জন্যও একই নিয়ম কার্যকর হবে বলে সভায় উপস্থিত একজন মন্ত্রী জানান।